গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
প্লট নং-এফ/১৮-এ, শেরে বাংলানগর প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকা-১২০৭।

বিষয়ঃ জিটিসিএল-এর ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২৩) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত অনলাইন সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রকৌ. রুখসানা নাজমা ইছহাক<br>ব্যবস্থাপনা পরিচালক ও সভাপতি, নৈতিকতা কমিটি |
| সভার তারিখ | : | ২৭-০৩-২০২৩ |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | : | জুম প্লাটফর্ম |
| উপস্থিতি | : | রেকর্ডেড |

সভাপতি প্রশাসনিক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত একটি জরুরী সভায় যোগদানের কারণে সভাপতির অনুপস্থিতিতে কোম্পানির জ্যেষ্ঠ মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট) উপস্থিত সকলকে স্বাগত ও ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সভার উদ্দেশ্যে বলেন যে, জিটিসিএল-এর সার্বিক কার্যক্রমে, স্বচ্ছতা, জবাবদিহিতা এবং অংশীজনদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষার্থে এধরনের সভা যথেষ্ট অর্থ বহন করে। কোম্পানির অংশীজনের অধিকার রক্ষায় যেকোনো অভিযোগ বা পরামর্শ এধরনের সভায় উপস্থাপন হলে জিটিসিএল সর্বদাই সেগুলো গুরুত্বের সাথে গ্রহণ করে এবং কার্যকরী পদক্ষেপ নিয়ে সকলের অধিকার নিশ্চিতকরণে সচেষ্ট ভূমিকা পালন করে। এছাড়াও জিটিসিএল ২০১৬ হতে নিয়মিতভাবে মন্ত্রিপরিষদ বিভাগ, প্রশাসনিক মন্ত্রণালয় ও পেট্রোবাংলার এতদসংক্রান্ত গাইডলাইনসমূহ অনুসরণ করে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করে চলেছে। সভাপতি সভাটি সফলভাবে সম্পাদনের জন্য সকলের সহযোগিতা কামনা করেন এবং জিটিসিএল-এর নৈতিকতা কমিটির সদস্য-সচিব/ফোকাল পয়েন্ট, উপ-মহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন) কে কোম্পানিতে প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২৩) এর অগ্রগতি সম্পর্কে আলোকপাত করার অনুরোধ করেন।

নৈতিকতা কমিটির সদস্য-সচিব/ফোকাল পয়েন্ট, উপ-মহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২৩) এর লক্ষ্যমাত্রা ও অর্জনসমূহ সভায় তুলে ধরেন। তিনি নৈতিকতা কমিটির সভা আয়োজন, নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stake holders) অংশগ্রহণে সভা, শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন, কর্ম-পরিবেশ উন্নয়ন, সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ, দুর্নীতি বিরোধী লিফলেট প্রকাশ ও প্রচার, কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে দুর্নীতি প্রতিরোধে সহায়ক ও করণীয় সংশ্লিষ্ট বিষয়ে সভা ও সেমিনারের আয়োজন, গাড়ীর জ্বালানি ব্যবহার যথার্থতা পরীক্ষণ (লগবই পরীক্ষা) সম্পর্কে বাস্তবায়ন ও অগ্রগতি তুলে ধরেন।

পেট্রোবাংলার নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) জিটিসিএল-এর ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৩য় কোয়ার্টার (জানুয়ারি-মার্চ, ২০২৩) সম্পর্কে তার পর্যবেক্ষণে দুর্নীতি বিরোধী লিফলেট প্রকাশ ও প্রচার ও সংশ্লিষ্ট বিষয়ে সভা এবং সেমিনারের আয়োজন ও প্রমাণক সঠিকভাবে সংগৃহীত করা হয়েছে কিনা জানতে চাইলে নৈতিকতা কমিটির সদস্য-সচিব/ফোকাল পয়েন্ট, উপ-মহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন) এবিষয়ে জানান যে, সঠিক নিয়মানুসারে এই লক্ষ্যমাত্রাসমূহ অর্জিত হয়েছে এবং প্রমাণক হিসেবে প্রযোজ্য ডকুমেন্টস, ছবি ও হাজিরা ইত্যাদি সংরক্ষণ করা হয়েছে। পেট্রোবাংলার নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) তার মূল্যবান বক্তব্যে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার গুরুত্ব সম্পর্কে সকলকে সচেতন করেন। তিনি বলেন শুদ্ধাচার কৌশল বিষয়টি সকল প্রতিষ্ঠানকেই বাস্তবায়ন করতে হয়, সবারই কিছু বাধ্যবাধকতা রয়েছে কিন্তু এরমধ্যেও নির্দিষ্ট সময়ের মধ্যে পরিকল্পনা কৌশল বাস্তবায়ন করতে হবে এবং সকলকে অবহিত করেন যে, সভাগুলোকে তিনি পর্যবেক্ষণ করছেন এবং মূল্যায়ন করেন ।

তাই সকলকে সর্বোচ্চ সতর্কতার সাথে সংশ্লিষ্ট বিষয়ক সকল তথ্য সংগ্রহ করে সঠিকভাবে প্রেরণ করতে হবে, ফলে এতে কোনরকম ঘাটতি বা অসঙ্গতি থাকার সম্ভাবনা থাকবেনা এবং মূল্যায়নেও জটিলতার সৃষ্টি হবে না বলে তিনি মতামত ব্যক্ত করেন।

সভার এ পর্যায়ে নৈতিকতা কমিটির সদস্য-সচিব/ফোকাল পয়েন্ট, উপ-মহাব্যবস্থাপক (সাধারণ প্রশাসন), পূর্ব নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী সিটিজেন চার্টার, জিআরএস ও তথ্য অধিকার আইন সম্পর্কে জিটিসিএল-এর সংশ্লিষ্ট ফোকাল পয়েন্টগণকে আলোচনার জন্য আহবান জানালে তারা তাদের স্ব-স্ব কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন ও অগ্রগতি উপস্থাপন করেন। উপ-মহাব্যবস্থাপক (কমন সার্ভিসেস) জিটিসিএল-এর সিটিজেন চার্টার সম্পর্কে অংশীজনদের মধ্যে সাম্প্রতিক প্রদেয় সেবার বিবরণ উপস্থাপন করেন। পরবর্তীতে, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে নির্দিষ্ট গাইডলাইন অনুযায়ী বাস্তবায়নযোগ্য পরিকল্পনা ও অগ্রগতি সম্পর্কে ফোকাল পয়েন্ট, উপ-মহাব্যবস্থাপক (বোর্ড) সভাকে অবহিত করেন । এছাড়াও, তথ্য অধিকার আইন বিষয়ক কোম্পানিতে গৃহীত ও গ্রহীতব্য কার্যক্রম সম্পর্কে বক্তব্য পেশ করেন সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট ও উপ-মহাব্যবস্থাপক (ল এন্ড শেয়ার)। তিনি অংশীজনদের মাঝে তথ্য অধিকার আইন বাস্তবায়ন সংক্রান্ত পরিকল্পনার বিভিন্ন অনুচ্ছেদ সম্পর্কে কোম্পানির বর্তমান অবস্থা ও ভবিষ্যৎ কর্ম-পরিকল্পনা তুলে ধরেন।

পরবর্তীতে, মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট), জিটিসিএল উপস্থিত অংশীজনদের মধ্য হতে তাদের মতামত/পরামর্শ বা অভিযোগ থাকলে তা পেশ করার আহবান জানান। বাপেক্স-এর মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও আইসিটি বিভাগ) বলেন, বাপেক্স বর্তমানে ফেঞ্চুগঞ্জ গ্যাস ফিল্ড, সালদানদী গ্যাস ফিল্ড ও শ্রীকাইল গ্যাস ফিল্ড হতে জিটিসিএল-এর পাইপলাইনে গ্যাস সরবরাহ করছে। এ প্রেক্ষিতে তিনি বলেন যে, জানুয়ারি-২০২৩ এর রিপোর্টে বাপেক্স কর্তৃক গ্রীডে সরবরাহকৃত গ্যাস অপেক্ষা জিটিসিএল কর্তৃক বিতরণ কোম্পানিকে সরবরাহকৃত গ্যাসের পরিমাণ ১২.১৭% কম উল্লেখ করা হয় এবং সর্বশেষ রিভাইজড রিপোর্টে সেটি ১৪.৯১% পরিমাণ কম উল্লেখ করা হয়। তিনি এই অস্পষ্টতার/অসঙ্গতির বিষয়টি জানতে চাইলে, মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন ইস্ট), জিটিসিএল বলেন, মিটারিং সংক্রান্ত বিষয়ে পেট্রোবাংলার চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভাসমূহে গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে অফ ট্রান্সমিশন পয়েন্ট মিটারিং, যৌথ Calibration এবং ডাটা সংগ্রহ প্রক্রিয়া চলমান রয়েছে। তিনি আরও বলেন, গ্যাস মিটারিং সংক্রান্ত বিষয়টি জিটিসিএল-এর অপারেশন ডিভিশনের আওতাধীন বিধায় অপারেশন ডিভিশন কর্তৃক পরবর্তীতে তথ্যের ভিত্তিতে জানানো হবে।

অনুরূপভাবে, বিজিএফসিএল এর মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) বলেন, বিজিএফসিএল কর্তৃক উৎপাদিত গ্যাস জিটিসিএল সঞ্চালন পাইপলাইনের মাধ্যমে বিতরণ কোম্পনির নিকট বিতরণ হয়। সেই সূত্রে তিনি জানুয়ারি ২০২৩ এর রিপোর্টে প্রকৃত গ্যাস উৎপাদনের পরিমাণ হতে বিতরণ কোম্পানিকে ১২.১৭% (৩১ মিলিয়ন ঘনফুট গ্যাস) পরিমাণ গ্যাস কম প্রদানের বিষয়টির সম্পর্কে জানতে চান এবং বিষয়টি সমাধানের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। এ অবস্থায় মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন ইস্ট), জিটিসিএল বলেন যে, মন্ত্রণালয় ও পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী এবং উৎপাদন ও বিতরণ কোম্পানির সহযোগিতায় মিটারিং ব্যবস্থা কার্যকরী করার লক্ষ্যে অবিরাম কার্যক্রম চালিয়ে যাচ্ছে। আশা করা যাচ্ছে অচিরেই বিষয়টির সুষ্ঠু সমাধান করা সম্ভব হবে।

সভার এ পর্যায়ে জিটিসিএল এর পরিচালক (অপারেশন) যুক্ত হয়ে বাপেক্স-এর শুদ্ধাচার কৌশল সংক্রান্ত ফোকাল পয়েন্ট, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও আইসিটি বিভাগ) কর্তৃক উত্থাপিত গ্যাসের পরিমাণ কম উল্লেখ সংক্রান্ত অসঙ্গতির জবাব প্রদান করেন। তিনি বলেন এ সংক্রান্ত পরবর্তী কোন পদক্ষেপ নিতে হলে তা পেট্রোবাংলাকেই নিতে হবে এবং বর্তমান চেয়ারম্যান মহোদয় বিষয়টি পর্যবেক্ষণ করছেন। তিনি সভাকে জানান যে, মন্ত্রণালয় ও পেট্রোবাংলার নির্দেশনা অনুযায়ী জিটিসিএল এর মিটারিং সিস্টেম হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতেই বিতরণ কোম্পানিতে সরবরাহকৃত গ্যাসের পরিমাণ নির্ধারণ করা হয়। উৎপাদন কোম্পানি, বিতরণ কোম্পানি ও জিটিসিএল এর প্রতিনিধিগণের উপস্থিতিতে গত ১২-০২-২০২৩ তারিখে পেট্রোবাংলায় অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ীই জিটিসিএল সঞ্চালনকৃত গ্যাসের পরিমাণ নির্ধারণকরতঃ বিল প্রস্তুত করেছে এবং তা পেট্রোবাংলাসহ সংশ্লিষ্ট উৎপাদন ও বিতরণ কোম্পানিতে প্রেরণ করা হয়েছে।

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ এর ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রাসমূহ নির্ধারিত সময়ের মধ্যেই অর্জনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

খ) জিটিসিএল কর্তৃক উৎপাদন কোম্পানিসমূহ হতে গৃহীত গ্যাস এবং বিতরণ কোম্পানিসমূহকে সরবরাহকৃত গ্যাসের পরিমাণের তারতম্য বিষয়ক সমস্যা সমাধানে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী কার্যক্রম গ্রহণ করতে হবে।

গ) কোম্পানির আর্থিক সংকট বিবেচনায় সংশ্লিষ্ট বিতরণ কোম্পানিগুলো-কে বকেয়া পাওনা সময়মতো পরিশোধ করার জন্য তাদের সাথে জিটিসিএল এর পক্ষ হতে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতির পক্ষে মহাব্যবস্থাপক (ট্রান্সমিশন-ইস্ট) উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/৪/২০২৩

(প্রকৌ. রুখসানা নাজমা ইছহাক)
ব্যবস্থাপনা পরিচালক
ও
সভাপতি, নৈতিকতা কমিটি।

**বিতরণ** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) পরিচালক (প্রশাসন), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
২) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৩) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
৪) ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৫) ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
৬) ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
৭) ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
৮) ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড
৯) ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড
১০) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
১১) মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল), ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
১২) উপ-মহাব্যবস্থাপক (প্রজেক্ট প্লানিং এন্ড মনিটরিং) ও সদস্য-সচিব/ফোকাল পয়েন্ট, এপিএ টিম, জিটিসিএল।
১৩) ফোকাল পয়েন্ট, সিটিজেনস চার্টার/জিআরএস/তথ্য অধিকার আইন------------------------------------, জিটিসিএল।

**অনুলিপিঃ**
১। উপ-মহাব্যবস্থাপক (আইসিটি), জিটিসিএল।– কোম্পানির ওয়েবসাইটে প্রকাশ করবেন।
২। উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালক-এর দপ্তর, জিটিসিএল।
৩। অফিস কপি।